সচেতন ও কার্যকর দায়িত্ব পালন করতে হবে- সাহিদুজ্জামান খোকন এমপি

অকুতোভয় তারুণ্যের সমাবেশ,গড়বো আগামীর সোনার বাংলাদেশ ” এই প্রতিপাদ্য কে ধারণ করে গাংনীতে দিনব্যাপি তৃতীয় ইয়ুথ কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বেলা ১১ টায় গাংনী অডিটোরিয়ামে শুরু হয়ে দিনব্যাপী অনুষ্ঠিত ইয়ুথ কনফারেন্সে অনুষ্ঠিত হয়েছে।

দি হাঙ্গার প্রজেক্ট এর সহযোগী প্রতিষ্ঠান ইয়ুথ এন্ডিং হাঙ্গারের গাংনী উপজেলার সকল ইউনিটের আয়োজনে এ কনফারেন্স অনুষ্ঠিত হয়।

তৃতীয় ইয়ুথ কনফারেন্স এর আহবায়ক জেলা ইয়ুথ কোর্ডিনেটর ইনজামামুল হকের সভাপতিত্বে এবং ইরফানা তাসনুবা অদিতি এর সঞ্চালনায় প্রথম পর্বের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু, জাতীয় কন্যা শিশু এডভোকেসী ফোরামের জেলা সভাপতি সিরাজুল ইসলাম , দি হাঙ্গার প্রজেক্টের যশোর অঞ্চলের কোর্ডিনেটর খোরশেদ আলম। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সুজন এর জেলা সাধারণ সম্পাদক ও লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক সাংবাদিক রফিকুল আলম বকুল, গাংনী উপজেলা সাধারণ সম্পাদক এ এস এম আবু সাদাত সায়েম, প্রভাষক শফি কামাল পলাশ, দি হাঙ্গার প্রজেক্টের হাংনী এলাকা সমন্বয়কারী হেলাল উদ্দীন, সাংস্কৃতিক কর্মী ও বিশিষ্ট ব্যবসায়ী আজিজুল হক রানু, জিজিএস ফোরামের সভাপতি মো: আব্দুর রব ।

অনুষ্ঠানে ইয়ুথ এন্ডিং হাঙ্গার এর ফিরোজ আহম্মেদ পলাশ, শিরিন শারমিন,হুসাইন বাদশা, ইশরাত জাহান ইভা, মাহফুজ রাব্বি অনিক, রাকিবুল ইসলাম রকি সহ ইয়ুথ এন্ডিং হাঙ্গার এর সদস্যরা।দি হাঙ্গার প্রজেক্টের সহযোগী সংগঠন ইয়ুথ এন্ডিং হাঙ্গার এর সদস্যরা স্যানিটেশন, শিক্ষা স্বাস্থ্য সহ দেশের যে কোন প্রয়োজনে কাজ করে থাকে। বিশেষ করে করেনা মোকাবিলায় এ সংগঠনের সদস্যরা নিজের

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্ণামেন্ট ২০২৩ উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

ফুটবল বাঙ্গালীর প্রাণের খেলা। মাটি ও মানুষের সাথে এ খেলার সম্পর্ক অত্যন্ত নিবিড় ও অবিচ্ছেদ্য। ফুটবলে আমাদের রয়েছে সোনালী ইতিহাস। মেহেরপুরে ফুটবল টুর্ণামেন্ট আয়োজনের মধ্য দিয়ে আমাদের সেই ইতিহাস ও ঐতিহ্য ফিরিয়ে আনতে চাই। মেহেরপুরের প্রবীণ ফুটবলাররা এমন আশা ব্যাক্ত করেছেন।

আজ বুধবার (২৬ এপ্রিল) বিকালে মেহেরপুর প্রতিদিন কার্যালয়ে ফুটবল টুর্ণামেন্ট আয়োজন উপলক্ষে আয়োজিত প্রস্তুুতিমুলক সভায় এসব আশা ব্যক্ত করেন তারা। মেহেরপুরের জৈষ্ঠ ফুটবলাররা বলেছেন মেহেরপুর প্রতিদিনের এই আয়োজনটি হবে জেলার গত ২০ বছরের সব চেয়ে বড় আসর। জমকালো আয়োজন হবে এই ফুটবল টুর্ণামেন্টটিতে।

মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দুর সভাপতিত্বে অনুষ্ঠিত এই প্রস্তুতিমুলক সভায় বক্তব্য রাখেন, মেহেরপুরের প্রবীন ফুটবল খেলোয়াড় মাসুদ করিম ধলস, এমদাদুল হক, মনিরুল ইসলাম, ইয়ারুল ইসলাম, হাসানুজ্জামান বাবু, শামস্জ্জুামান শামীম প্রমুখ।

আলোচনা সভায় টুর্ণামেন্টের নামকরন করা হয় “মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্ণামেন্ট-২০২৩” এবং ১৩ সদস্য বিশিষ্ট টুর্ণামেন্ট পরিচালনা কমিটি ও ৮ সদস্য বিশিষ্ট উপদেষ্টা কমিটি গঠণ করা হয়।

টুর্ণামেন্ট পরিচালনা কমিটির আহবায়ক এমদাদুল হক, সদস্য সচিব মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু। এছাড়া সদস্যরা হলেন, প্রবীণ ফুটবলার মাসুদ করিম ধলস, মানিরুল ইসলাম, শামসুজ্জামান শামীম, হাসানুজ্জামান বাবু, শাহীনুর রহমান রিটন, ইয়ারুল ইসলাম, আমিরুল ইসলাম অল্ডাম, জাহাঙ্গীর আলম, মঞ্জুরুল ইসলাম মঞ্জা, আজমাইন হোসেন ও মেহেদী হাসান।

উপদেষ্টা কমিটিতে রয়েছেস প্রবীণ ফুটবলার আব্দুর রহিম (সাবেক শিক্ষক), আব্দুর রহমান (সাবেক মেহেরপুর পৌর মেয়র), মোস্তাফিজুর রহমান বাবু, আব্দুস সামাদ (সাবেক ব্যাংকার), আব্দুস সালাম, শামীম

বসির, খন্দকার আবু শ্যামাইন, আব্দুস সালাম।

দামুড়হুদায় জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষে সেমিনার অনুষ্ঠিত

দামুড়হুদায় জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষে আইনগত সহায়তা বিষয়ে উপজেলা পর্যায়ে সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার দুপুর ৩টায় উপজেলা লিগ্যাল এইড কমিটির আয়োজনে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে এই সেমিনার অনুষ্ঠিত হয়।

উপজেলা লিগ্যাল এইড কমিটির সভাপতি ও দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু’র সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা লিগ্যাল এইড অফিসার (সিনিয়র সহকারী জজ) মো: সাইফুদ্দীন হোসাইন।

উপজেলা লিগ্যাল এইড কমিটির সদস্য সচিব ও দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ইউএনও রোকসানা মিতা’র সঞ্চালনায় এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আ: করিম বিশ্বাস, দামুড়হুদা মডেল থানার অফিসার এসআই শেখর চন্দ্র মল্লিক, দর্শনা থানার অফিসার এসআই সোহেল রানা, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হাবিব, যুগ্ন সাধারণ সম্পাদক শেখ হাতেম, প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মশিউর রহমানসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ।

মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র অবস্থান কর্মসুচী অনুষ্ঠিত

গ্যাস,বিদ্যুৎ,চাল,ডাল,তেল,কৃষি উপকরণ, শিক্ষা উপকরণসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যমুল্য বৃদ্ধির প্রতিবাদে, গণতন্ত্র পূনরুদ্ধার এবং ফ্যাসিষ্ট সরকারের পদত্যাগসহ ১০ দফা দাবীতে মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র অবস্থান কর্মসুচী অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (৮ এপ্রিল) সকাল ১০টা থেকে বেলা ১২টা পর্যন্ত জেলা বিএনপি কার্যালয়ের সামনে এ অবস্থান কর্মসুচী অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাডঃ মারুফ আহমেদ বিজনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন ।

মেহেরপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় বক্তব্য রাখেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, সদর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক ও সাবেক আমঝুপী ইউপি চেয়ারম্যান সাইফুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আরজুল্লা বাবুল মাস্টার, যুগ্ম সম্পাদক আব্দুর রহিম, সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক শাহাবদ্দিন মোল্লা, সদর উপজেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, মেহেরপুর পৌর বিএনপির সাধারন সম্পাদক আবু ওবাইদুল্লাহ সেন্টু, জেলা বিএনপির দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, জেলা মৎস্যজীবী দলের সাবেক সভাপতি শ্রী গুরুদাস হালদার, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারন সম্পাদক আজমল হোসেন মিন্টু, সদর উপজেলা যুবদলের সভাপতি লিয়াকত আলী, পৌর যুবদলের সভাপতি সামিউল ইসলাম লিজন, সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি শহিদুল ইসলাম সেন্টু, সাধারন সম্পাদক ইলিয়াস হোসেন, জেলা ছাত্রদলের সহ-সভাপতি আলমগীর হোসেন চাঁদ প্রমুখ। এছাড়াও অবস্থান কর্মসুচীতে বিএনপি ও অঙ্গ-সংগঠনের শতশত নেতাকর্মী উপস্থিত ছিলেন ।

ঝিনাইদহে ব্যাতিক্রমি দুধ খাওয়ানো উৎসব অনুষ্ঠিত

প্রাণিসম্পদ সেবা সপ্তাহ উপলক্ষে ঝিনাইদহে ব্যাতিক্রমি দুধ খাওয়ানো উৎসব অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে সোমবার সকালে সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ১৭’শ ৭০ জন ছাত্রীকে দুধ খাওয়ানো হয়।

জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা মনোজিৎ কুমার সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মনিরা বেগম। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক আরিফুল ইসলাম, বিদ্যালয়ের প্রধান শিক্ষক লক্ষী রানী পোদ্দার, জেলা প্রশিক্ষণ কর্মকর্তা ডা. সুব্রত কুমার ব্যানার্জী। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন ঝিনাইদহ সদর লাইভস্টক এক্সটেনশন অফিসার ডা. তারেক মুসা। আয়োজকরা জানায়, প্রাণি সম্পদ সেবা সপ্তাহ উপলক্ষে ছাত্রীদের দুধ খাওয়ার অভ্যাস করতে বিদ্যালয়ের ছাত্রীদের দুধ খাওয়ানো হয়। সেসময় দুধের পুষ্টিগুণ নিয়ে বক্তারা আলোচনা করেন ।

দামুড়হুদায় পুনর্বাসন সম্পর্কিত যৌথ সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় ভূমিহীন-গৃহহীন (ক-শ্রেণী) পরিবারের শতভাগ পুনর্বাসন সম্পর্কিত যৌথ সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার বেলা সাড়ে ১২টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সভা কক্ষে ভূমিহীন-গৃহহীন পরিবারের শতভাগ পুনর্বাসন সম্পর্কিত যৌথ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মঞ্জু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের

চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা বেগম। সভায় স্বগত আলোচনা করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস।

এসময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন সাইফুল আলম, পার কৃষ্ণপুর মদনা ইউপি চেয়ারম্যান জাকারিয়া আলম, জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আ: করিম, কুড়ালগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন,নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী,নাটুদাহ ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম, ওদুদ শাহ্ ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিন, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, হাউলী ইউপি চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন, প্যানেল চেয়ারম্যান (২) শহিদুল ইসলাম, সদর ইউপি সদস্য ও দামুড়হুদা উপজেলা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলামসহ সব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মেম্বারগণ এবং বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে প্রাণিসম্পদ প্রদর্শনী অনুষ্ঠিত

“স্মার্ট লাইভস্টক” “স্মার্ট বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে প্রাণিসম্পদ প্রদর্শনীর -২০২৩ উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠিত হয়েছে।

প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর আয়োজনে মুজিবনগর উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল এর বাস্তবায়নে। শনিবার সকাল সাড়ে ১০ টার সময় রামনগর খেলার মাঠে আয়োজিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসাবে ফিতা কেটে উদ্বোধন করেন। পরে প্রদর্শনীর প্রাঙ্গণে আলোচনা সভার

আয়োজন করা হয়।

গাংনী উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা:আলাউদ্দীনের সঞ্চালনায় উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা: হারিছুল আবিদ,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিবউদ্দীন, উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ ডা: কর্মকর্তা তানিয়া আখতার, জেলা ট্রেনিং অফিসার ডা: শেখ মোহাম্মদ মশিউর রহমান, বিশিষ্ট উদ্যোক্তা ও সমাজসেবক হাসানুজ্জামান লালটু।

প্রাণিসম্পদ প্রদর্শনীতে ২০ টি গরুর, ১০টি ছাগলের, ১০টি ভেড়ার এবং ১০টি বিভিন্ন প্রাণিসহ মোট ৫০টি ষ্টল স্থাপন করা হয়।
পরে দুপুরে পানিসম্পদ প্রদর্শনীর সমাপনী অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রদর্শনীতে গাভি পালন, ষাড় পালন, ছাগল পালন, ভেড়া পালন এবং অন্যান্য ক্যাটাগরিতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী খামারিদের মাঝে পুরস্কার ও সনদ বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা প্রাণী সম্প্রসারণ কর্মকর্তা জয়নাল আবেদীন, মুজিবনগর উপজেলা প্রাণিসম্পদ অফিসের এল এফ এ মিঠুন আলী, এল এফ এ হাবিবুর রহমানসহ অফিসের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

পুরস্কার ও সনদ বিতরণ শেষে নির্বাহী অফিসার পানিসম্পদ প্রদর্শনীর-২০২৩ এর সমাপনী ঘোষণা করেন।

মেহেরপুরে মউকের আয়োজনে ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত

মেহেরপুরে উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ও সুপারভাইজার দের সঙ্গে দিন ব্যাপী ইন্কুসিভ ও এক্সক্লুসিভ এডুকেশন বিষয়ে এক ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সকাল দশটার দিকে মানব উন্নয়ন কেন্দ্র মউকের হলরুমে

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ও গনসাক্ষরতা অভিযানের সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউকের আয়োজন এ সভা অনুষ্ঠিত হয়।

মানব উন্নয়ন কেন্দ্র মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মো উবায়দুল্লাহ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো: মনিরুল ইসলাম , রিসোস পারসন হিসেবে উপস্থিত ছিলেন সিডিডিএর কো-অর্ডিনেটর মো: জাহাঙ্গীর আলম, মউকের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন, পোগ্রাম ম্যানেজার আবদুল করিম, শিরিন আকতার, আব্দুললাহ আল মামুন।

কর্মশালায় সবার জন্য মানসম্মত শিক্ষা, একীভূত শিক্ষা ও প্রতিবন্ধী শিশুর শিক্ষা অধিকার বিষয়ে আলোচনায় করা হয়। মেহেরপুর সদর উপজেলার উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ে ৭০ জন শিক্ষক শিক্ষিকা এ অনুষ্ঠানে অংশ গ্রহন করে।

অনুষ্ঠান টি পরিচালনা করেন ডিপিএম সাদ আহাম্মদ।

ভারতে বিজিবি-বিএসএফ প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত

ভারতের ৮২ বিএসএফ ব্যাটালিয়নের ব্রহ্মনগর ক্যাম্পে বিজিবি-বিএসএফ প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে চুয়াডাঙ্গা ৬ বিজিবির অধিনস্থ মুজিবনগর বিওপির প্রতিপক্ষ ৮২ বিএসএফ ব্যাটালিয়নের ব্রহ্মনগর ক্যাম্পে বিজিবি-বিএসএফ প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়।

এ প্রীতি ম্যাচে বিএসএফ রানারআপ এবং বিজিবি চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

উক্ত প্রতিযোগিতায় বিজিবি’র পক্ষে উপস্থিত ছিলেন কুষ্টিয়া সেক্টর কমান্ডার কর্নেল এমারাত হোসেন, পিবিজিএম এবং বিএসএফ এর

পক্ষে উপস্থিত ছিলেন ইন্সপেক্টর জেনারেল ডঃ অতুল ফুলজেলে, আইপিএসসহ বিজিবি-বিএসএফ এর অন্যান্য অফিসার, উভয় দেশের খেলোয়াড় এবং অন্যান্য সৈনিকবৃন্দ।

দামুড়হুদা লোকমোর্চার এ্যাডভোকেসি ও লবি সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার নতিপোতা ইউনিয়ন পরিষদে লোকমোর্চার উদ্যোগে এ্যাডভোকেসি ও লবি সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুর ১টার দিকে নতিপোতা ইউনিয়ন পরিষদে এই সভা অনুষ্ঠিত হয়।

ওয়েভ ফাউন্ডেশন এর সামাজিক সুরক্ষা কর্মসুচি প্রকল্প (এসপিপিএস) এর আওতায় নতিপোতা ইউনিয়ন লোকমোর্চার সদস্যগণ, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী এর সাথে ইউনিয়ন পরিষদ প্রদত্ত বিভিন্ন ভাতা প্রদানের যাচাই-বাছাই কমিটিতে লোকমোর্চার প্রতিনিধি যুক্ত করণ ও ভাতার দাবী নিয়ে এডভোকেসি ও লবি সভা অনুষ্ঠিত হয়।

লোকমোর্চার সভাপতি হাজী রবিউল হাসানের সভাপতিত্বে সভার প্রধান অতিথি ছিলেন নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী। এসময় চেয়ারম্যান লোকমোর্চা প্রতিনিধিদের ভাতা প্রদান যাচাই-বাছাই কমিটিতে যুক্ত করার আশাবাদ ব্যক্ত করেন এবং ওয়ার্ড পর্যায়ে সঠিক তালিকা তৈরি করে ইউপি সদস্যদের কাছে প্রদানের জন্য আহ্বান জানান।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী আনিসুর রহমান। নতিপোতা ইউনিয়ন লোকমোর্চার সহ-সভাপতি মোহাম্মদ আলী, যুগ্ন সাধারণ সম্পাদক তানজুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক মামুনুর রশিদ, প্রচার সম্পাদক মোস্তাফিজুর রহমান,ধর্ম বিষয়ক সম্পাদক মুজিবুর রহমান,পরিবেশ বিষয়ক সম্পাদক এরশাদ আলী,ক্রিড়া বিষয়ক সম্পাদক আবু জাফর,দপ্তর সম্পাদক মিজানুর

রশিদ নতিপোতা ইউনিয়ন পরিষদের ইউনিয়ন সচিব সুজাল আলী, ইউপি সদস্য, মতিয়ার রহমান,আক্তার শেখ,মিজানুর রহমান,মফিজুর রহমান,শওকত আলী, জাহাঙ্গীর আলম, হালিমা খাতুন,নাছরিন খাতুন উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন।